

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ  
শিক্ষা মন্ত্রণালয়  
আইন শাখা-২  
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।  
www.tmed.gov.bd

শিক্ষা নিয়ে গড়ব দেশ  
শেখ হাসিনার বাংলাদেশ

স্মারক নম্বর: ৫৭.০০.০০০০.০৪৭.০৪.১৩১.১৯.১৪১

তারিখ: ১৪ শ্রাবণ ১৪২৬

২৯ জুলাই ২০১৯

বিষয়: রিট পিটিশন নং-৯৪৭/২০১৯ মামলায় সরকার পক্ষে প্রয়োজনীয় আইনী ব্যবস্থা গ্রহণক্রমে  
টিএমইডিতে তথ্যপ্রেরণ।

সূত্র: হাইকোর্ট বিভাগের রুল নিশি জারির আদেশ, তারিখ: ০৫.০২.২০১৯ খ্রি:।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে মহোদয়ের সদয় অবগতি এবং প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য জানানো যাচ্ছে যে, জনাব মো: মোজাম্মেল হক, পিতা: মৃত মো: আবুল হোসেন, অধ্যক্ষ, টেনতুলিয়া পীরগাছা টেকনিক্যাল গ্র্যান্ড বিজনেস ম্যানেজমেন্ট কলেজ (প্রতিষ্ঠান কোড-২৩০৪৪), বাঘা, রাজশাহী এবং অন্যান্য কর্তৃক মহামান্য হাইকোর্ট বিভাগে রিট পিটিশন নং-৯৪৭/২০১৯ মামলা দায়ের করা হয়েছে।

০২. মামলাটির রুল নিশি জারির আদেশ পর্যালোচনা করে দেখা যায় যে, রিট আবেদনকারী কর্তৃক এমপিও তালিকাভুক্তিকরণ সংক্রান্ত বিষয়ে কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগের স্মারক নং-৫৭.০০.০০০০.০৫৩.৯৯.০০১.১৮.৩০৯, তারিখ: ৩১.১২.২০১৮ খ্রি:-কে চ্যালেঞ্জ করা হয়েছে। রুল নিশিতে স্মারকপত্রটির উপর ছয় মাসের স্থিতাবস্থা জারী করা হয়েছে। রুল নিশির আদেশটি নিম্নরূপ:

“pending hearing of the Rule, let operation of the impugned Memo No. 57.00.0000.053.99.001.18.309 dated 31.12.2018 signed by the respondent No.5 (Annexure-F), be stayed for a period of 06(six) months from date in so far as relates to the petitioners are concerned.”

০৩. উক্ত রিট পিটিশন মামলায় সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয় মহোদয়কে ১ নং রেসপনডেন্ট; মহাপরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তর-কে ২ নং রেসপনডেন্টসহ মোট ১১ (এগার) জনকে রেসপনডেন্ট করা হয়েছে।

০৪. মামলাটিতে সরকার পক্ষে প্রতিদ্বন্দ্বিতা করার লক্ষ্যে মহামান্য আদালতে *Affidavit in opposition* দাখিলসহ জরুরীভিত্তিতে প্রয়োজনীয় আইনী পদক্ষেপ গ্রহণ আবশ্যিক।

০৫. এমতাবস্থায় উপরিউক্ত মতে রিট পিটিশন নং-৯৪৭/২০১৯ মামলায় সরকার পক্ষে জবাব (*Affidavit in opposition*) দাখিলসহ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণক্রমে চাহিত তথ্য (প্রমাণকসহ) আগামী ২৯.০৮.২০১৯ খ্রি: তারিখের মধ্যে টিএমইডিতে প্রেরণের জন্য মহোদয়কে নির্দেশক্রমে অনুরোধ করা হলো।



২৯-৭-২০১৯

ড. মো: মহাতাব হোসেন  
সংযুক্ত কর্মকর্তা (আইন)

এ্যাডভোকেট এস.কে শফিক মাহমুদ পুষ্প, বিজ্ঞ আইনজীবী,

বাংলাদেশ সুপ্রীম কোর্ট  
আজিজ কো-অপারেটিভ কমপ্লেক্স, চেম্বার নং-বি-১, ষষ্ঠ  
ফ্লোর, ২০৪, শহীদ সৈয়দ নজরুল ইসলাম স্মরণি, বিজয়  
নগর, ঢাকা-১০০০।

স্মারক নম্বর: ৫৭.০০.০০০০.০৪৭.০৪.১৩১.১৯.১৪১/১(৭)

তারিখ: ১৪ শ্রাবণ ১৪২৬  
২৯ জুলাই ২০১৯

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (মাননীয় মন্ত্রীর সদয় অবগতির জন্য)।
- ২) মাননীয় উপমন্ত্রীর একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (মাননীয় উপমন্ত্রীর সদয় অবগতির জন্য)।
- ৩) সচিব মহোদয়ের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৪) সিস্টেম এ্যানালিস্ট, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)
- ৫) যুগ্ম-সচিব (অডিট ও আইন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৬) উপসচিব (অডিট ও আইন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়।
- ৭) অফিস কপি/ মাস্টার কপি, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ।



২৯-৭-২০১৯

ড. মো: মহাতাব হোসেন  
সংযুক্ত কর্মকর্তা (আইন)